গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০০০.০০৮.৫২.০০৩.২৪.৩১০

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩২
১৫ ফেব্রুয়ারি ২০২৬

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয় : সিলেট জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্তি সনদ গ্রহণ ও বিদ্যমান তালিকাভুক্তি সনদ নবায়নের বিজ্ঞপ্তি।

আগামি ১৪৩৩ বঙ্গাব্দে সিলেট জেলার বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণে আগ্রহী উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ২৬.০২.২০২৬ তারিখের মধ্যে তালিকাভুক্তি সনদ গ্রহণের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ এর পরিশিষ্ট-১ এ বর্ণিত শর্ত অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ও তালিকাভুক্তি সনদ ফি ও বিলম্ব আবেদন ফি সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক পরিশিষ্ট-২ এর ফরম-১ অনুযায়ী জেলা প্রশাসক, সিলেট বরাবর আবেদন দাখিল করা যাবে।

২। বিগত সময়ে যে সব ব্যক্তি/প্রতিষ্ঠান তালিকাভুক্তি সনদ গ্রহণ করেছেন, তাদের তালিকাভুক্তি সনদ আগামি ২৬.০২.২০২৬ তারিখের মধ্যে তালিকাভুক্তি সনদ নবায়ন ফি ও বিলম্ব আবেদন ফিসহ সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক নবায়নের আবেদন করা যাবে। উল্লেখ্য, তালিকাভুক্তি সনদ ছাড়া কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান সিলেট জেলার বালুমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না।

৩। আগামি ২৬.০২.২০২৬ তারিখ, বৃহস্পতিবার এর মধ্যে তালিকাভুক্তি সনদ গ্রহণ ও তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদন দাখিল করা না হলে পরবর্তীতে দাখিলকৃত এ সংক্রান্ত কোনো আবেদন বিবেচনা করা হবে না।

১৫/২/২৬

মোঃ সারওয়ার আলম
জেলা প্রশাসক
সিলেট
ফোন: ০২৯৯৬৬৮৭১১৭
ই-মেইল : dcsylhet@mopa.gov.bd

বিতরণ:

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
২. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩. মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৪. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৬. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা
৭. জেলা প্রশাসক (সকল)
৮. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
৯. সিভিল সার্জন, সিলেট

১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট (তাঁকে বেতার মারফত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট

১২. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৩. উপজেলা নির্বাহী অফিসার, ....................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর দপ্তরের নোটিশ বোর্ড/ ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট

১৫. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট

১৬. সহকারী কমিশনার (ভূমি)....................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি তাঁর দপ্তরের নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা..................(সকল), সিলেট

১৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি-এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৯. সাব-রেজিস্টার..................(সকল), সিলেট

২০. কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা কমান্ড

২১. জনাব..............................

..................................

২২. অফিস কপি।